# বন্দি প্রর্ত্যপন এবং পারস্পরিক আইনি সহায়তা বিষয়ে ভারত-যুক্তরাজ্যের সংলাপ

বন্দি প্রর্ত্যপন এবং পারস্পরিক আইনি সহায়তা বিষয়ে ভারত ও যুক্তরাজ্যের কর্মকর্তাদের মধ্যে নতুনভাবে সংলাপ-বৈঠক অনুষ্ঠিত হল ২০ এবং ২১ ফেব্রুয়ারি, ২০১৭।

ভারতের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন যুগ্ম সচিব, কনস্যুলার, পাসপোর্ট এবং ভিসা, পররাষ্ট্রমন্ত্রক এবং স্বরাষ্ট্রমন্ত্রক, আইন ও বিচার মন্ত্রক এবং তদন্তকারী সংস্থা— বিশেষ করে সিবিআই, এনফোর্সমেন্ট ডিরেক্টরেট এবং রাজ্যের অনুমোদিত কর্তৃপক্ষ-সহ প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। যুক্তরাজ্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন বন্দি প্রর্ত্যপন এবং পারস্পরিক আইনি সহায়তা বিষয়ক যুক্তরাজ্যের কেন্দ্রীয় আধিকারিক, যুক্তরাজ্যের স্বরাষ্ট্র কার্যালয়, ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের প্রতিনিধিরা এবং নয়াদিল্লিতে নিযুক্ত যুক্তরাজ্যের হাই কমিশনার।

২০১৬ সালের নভেম্বরে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর ভারত সফরের সময়ে গৃহীত সিদ্ধান্ত অনুসারে বৈঠক অনুষ্ঠিত হয়, যেখানে দুই নেতার নির্দেশ ছিল, বন্দি প্রর্ত্যপণের বিষয়ে সরকারি কার্যকলাপ সঙ্গে 'আইনি প্রক্রিয়া ও প্রয়োজনীতা' আগের থেকেও ভাল করে বুঝতে উভয় পক্ষকে; ভাগ করে নেয় সর্বোত্তম কার্যাভ্যাসকে, চিহ্নিত করা হয় বিলম্বের কারণ এবং পরে থাকা অনুরোধ দ্রুত কার্যকর করার বিষয়টি, যাতে পলাতক এবং অপরাধীরা আইনের অব্যহতির সুযোগ না পায়।

উভয় পক্ষই বিস্তারিত এবং ফলপ্রসু আলোচনা করে, আইনগত প্রক্রিয়া এবং পারস্পরিক আইনি সহায়তা এবং উভয় তরফে আটকে থাকা বন্দি প্রর্ত্যপণের অনুরোধ এবং পারস্পরিক আইনগত সহযোগিতা নিয়ে পর্যালোচনা করে। উভয় পক্ষই আইনি সহযোগিতা জোরদার করতে এবং মুলতুবি অনুরোধ ত্বরান্বিত করতে তাদের সংকল্প পুর্নব্যক্ত করেন। এটা সিদ্ধান্ত নেওয়া হয় যে, উভয় দেশের কেন্দ্রীয় কর্তৃপক্ষ ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই সব মামলার আরও অগ্রগতি নিয়ে প্রতি ছ'মাস অন্তর পর্যালোচনা করবে।

**নয়াদিল্লি**

**ফেব্রুয়ারি ২১, ২০১৭**